



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি মন্ত্রণালয়  
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট  
এএসআইসিটি বিভাগ  
গাজীপুর-১৭০১



স্মারক নং-১২.২১.০০০০.০০০.০৪৩.৪৪.০১৪.১৯.৩৬১

তারিখঃ ১৩ মে ২০২৬খ্রি.

**বিষয়ঃ BARI ওয়েবমেইল ব্যবহার সংক্রান্ত জরুরী সতর্কতামূলক নির্দেশনা।**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সম্প্রতি ecs.gov.bd এর ডোমেইন থেকে ফিশিং লিংক সম্বলিত একটি ই-মেইল পাঠানো হচ্ছে যে মেইলে একটি পিডিএফ ফাইল সংযুক্ত থাকে এবং ঐ ফাইলে ক্লিক করলে তা mail.bari.gov.bd ডোমেইনের মতো দেখতে হবহ একটি পেজে রিডাইরেক্ট করে নিয়ে যায় এবং ইমেইল ব্যবহারকারীর চলমান ই-মেইল ও পাসওয়ার্ড দিতে বলে। এ ধরনের ফিশিং লিংক সংযোজিত ই-মেইল এর ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করতে অনুরোধ করা হলো। বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল থেকে প্রেরণকৃত “অফিসিয়াল ই-মেইল ব্যবহারের সাধারণ নির্দেশনা” নিম্নে সংযুক্ত করা হলো।

২৬.০৫.২০২৬

ড. মো. উবায়দুল্লাহ কায়ছার (BARI0207)  
মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও বিভাগীয় প্রধান  
কৃষি পরিসংখ্যান একাডেমি আইসিটি বিভাগ  
বিএআরআই, গাজীপুর-১৭০১।

Subject অফিসিয়াল ই-মেইল ব্যবহারের সাধারণ নির্দেশনা

From Data Center <datacenter@bcc.gov.bd>

To Data Center <datacenter@bcc.gov.bd>

Date Thursday May 7, 2026 10:28:47 AM

প্রিয় সম্মানিত ই-মেইল ব্যবহারকারীবৃন্দ,

অফিসিয়াল ই-মেইল সেবার নিরাপদ, কার্যকর ও সঠিক ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে সকল ই-মেইল ব্যবহারকারীকে নিম্নোক্ত সাধারণ নির্দেশনাসমূহ অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো:

১. অফিসিয়াল ই-মেইল অ্যাকাউন্ট শুধুমাত্র দাপ্তরিক কাজে ব্যবহার করতে হবে।
২. কোনো অবস্থাতেই আপনার ই-মেইল এর পাসওয়ার্ড অন্য কারও সাথে শেয়ার করবেন না।
৩. শক্তিশালী পাসওয়ার্ড ব্যবহার করুন এবং নিয়মিত পাসওয়ার্ড পরিবর্তন করুন।
৪. অচেনা বা বহিরাগত প্রেরকের কাছ থেকে প্রাপ্ত লিংক বা সংযুক্তি (Attachment) খোলার ক্ষেত্রে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করুন।
৫. কোনো সন্দেহজনক বা ফিশিং ই-মেইল ফরওয়ার্ড করবেন না; তাৎক্ষণিকভাবে ই-মেইল সাপোর্ট টিম অথবা [datacenter@bcc.gov.bd](mailto:datacenter@bcc.gov.bd) তিকানায় রিপোর্ট করুন।
৬. একান্ত প্রয়োজন ছাড়া বড় আকারের ফাইল সংযুক্ত করে ই-মেইল প্রেরণ এড়িয়ে চলুন; প্রযোজ্য ক্ষেত্রে অনুমোদিত ফাইল শেয়ারিং মাধ্যম ব্যবহার করুন।
৭. অফিসিয়াল ই-মেইল আইডি ব্যবহার করে ব্যক্তিগত নিবন্ধন, সাবস্ক্রিপশন বা সামাজিক যোগাযোগ মাধ্যমে অ্যাকাউন্ট খোলা থেকে বিরত থাকুন।
৮. শেয়ারড বা পাবলিক ডিভাইস ব্যবহার করে ই-মেইল অ্যাক্সেস করলে কাজ শেষে অবশ্যই লগআউট করুন।

আমাদের ই-মেইল সেবার নির্ভরযোগ্যতা ও নিরাপত্তা বজায় রাখতে আপনাদের সহযোগিতা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

আপনাদের সহযোগিতা ও আন্তরিকতার জন্য ধন্যবাদ।

Regards

National Data Center Operation Team

Bangladesh Computer Council (BCC)

Phone: +88 02 55006840